মুক্তিযুদ্ধ জাদুঘরে আলী যাকেরকে শেষ শ্রদ্ধা

একুশে পদকপ্রাপ্ত সাংস্কৃতিক ব্যক্তিত্ব, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দসৈনিক আলী যাকেরকে শেষ শ্রদ্ধা জানাতে তার মরদেহ নেওয়া হয়েছে রাজধানীর মুক্তিযুদ্ধ জাদুঘরে।

শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে তার মরদেহ মুক্তিযুদ্ধ জাদুঘরে নেওয়া হয়।

সেখানে বীর মুক্তিযোদ্ধা আলী যাকেরকে ঢাকা জেলা প্রশাসনের পক্ষ থেকে গার্ড অব অনার দেওয়া হয়।

দেশের শিল্প-সাংস্কৃতি ও নাট্যাঙ্গনের বিশিষ্টজনরা আলী যাকেরকে শেষ শ্রদ্ধা জানাতে উপস্থিত হন সেখানে।

৭৬ বছরে শেষ শুক্রবার সকালে নিঃশ্বাস ত্যাগ করেন আলী যাকের। মৃত্যুকালে তিনি রেখে গেছেন স্ত্রী নাট্যজন সারা যাকের, ছেলে নাট্যাভিনেতা ইরেশ যাকের, মেয়ে রেডিও উপস্থাপক শ্রিয়া সর্বজায়াসহ অসংখ্য গুণগ্রাহী ভক্ত-অনুরাগীকে।

প্রায় চার বছর ধরে ক্যান্সারের সঙ্গে লড়াই করছেন আলী যাকের। সম্প্রতি তার শারীরিক অবস্থার অবনতি হলে গত ১৫ নভেম্বর তাকে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ভর্তি করা হয়। সেখানকার সিসিইউতে চিকিৎসাধীন ছিলেন তিনি।

মুনীর চৌধুরীকে ডুডলে শ্রদ্ধা গুগলের

আজ ২৭ নভেম্বর, শহীদ বুদ্ধিজীবী শিক্ষাবিদ মুনীর চৌধুরীর ৯৫তম জন্মদিন। প্রখ্যাত এই লেখক ১৯২৫ সালের এই দিনে মানিকগঞ্জ জেলায় জন্ম গ্রহণ করেন। দিনটি আজ উদযাপন করছে সার্চ ইঞ্জিন গুগল। এ

উপলক্ষে একটি ডুডল প্রকাশ করা হয়েছে।

এতে দেখা যাচ্ছে- গুগলের লোগোর মাঝখানে মুনীর চৌধুরী, তার হাতে একটি বই খোলা। গায়ে গেরুয়া শাল ও চোখে আমাদের অতি পরিচিত মোটা কালো ফ্রেমের চশমা। গুগলের হোম পেজে গেলে বিশেষ এ ডুডল চোখে পড়বে।

বিশেষ কোনো দিন বা বিশেষ কোনো ব্যক্তির জন্য সার্চ বক্সের ওপরে নিজেদের লোগো বদলে বিশেষ দিনটির সঙ্গে মানানসই নকশার যে লোগো তৈরি করে গুগল, তা-ই ডুডল। গুগলের ডুডলটি শুধু বাংলাদেশ থেকেই দেখা যাচ্ছে।

মুনীর চৌধুরীর পৈতৃক নিবাস নোয়াখালীর চাটখিল উপজেলার গোপাইরবাগ গ্রামে। ইংরেজ আমলের জেলা ম্যাজিস্ট্রেট খান বাহাদুর আবদুল হালিম চৌধুরীর ১৪ সন্তানের মধ্যে তিনি দ্বিতীয়। প্রথমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগে শিক্ষক হিসেবে যোগ দিলেও ১৯৫৫ সালে যোগ দেন বাংলা বিভাগে।

১৯৬২ সালে মুনীর চৌধুরী বাংলা একাডেমি পুরস্কার পান। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর মুনীর চৌধুরীকে পাকিস্তানি সেনাবাহিনীদের সহযোগী আলবদর বাহিনী তার বাবার বাড়ি থেকে ধরে নিয়ে যায় এবং সম্ভবত ওই দিনই তাকে হত্যা করা হয়।

মুনীর চৌধুরীর অন্যতম বইগুলো হলো ‘রক্তাক্ত প্রান্তর’, ‘কবর’, ‘চিঠি’, ‘কেউ কিছু বলতে পারে না’, ‘মুখরা রমণী বশীকরণ’ প্রভৃতি।

মৃত্যুর আগে ম্যারাডোনাকে চিকিৎসা না দিয়ে ১২ ঘণ্টা ফেলে রাখার অভিযোগ

ফুটবলের জাদুকর দিয়াগো ম্যারাডোনাকে মৃত্যুর আগে চিকিৎসা না দিয়ে ফেলে রাখা হয়েছিল এবং তিনি যখন গুরুতর অসুস্থ তখন অ্যাম্বুলেন্স আসতে দেরি করে- এমন দাবি করেছেন কিংবদন্তির

আইনজীবী ও বন্ধু।

ম্যারাডোনার আইনজীবী বন্ধু এ দাবি করেছেন বলে বৃহস্পতিবার সংবাদ প্রকাশ করেছে যুক্তরাজ্যভিত্তিক সংবাদমাধ্যম ডেইলি মেইল।

খবরে বলা হয়েছে, কিংবদন্তির আইনজীবী ও বন্ধু ম্যাটিস মোরলা অভিযোগ তুলেছেন, ম্যারাডোনার মৃত্যুর দিন (বুধবার) তাকে ১২ ঘণ্টা কোনো চিকিৎসা সহায়তা দেয়া হয়নি এবং তিনি যখন অসুস্থ তখন তাকে নিতে আসা অ্যাম্বুলেন্স প্রায় ৩০ মিনিট দেরি করে। এর মাত্র দুই সপ্তাহ আগে তার ব্রেইনে সার্জারি করা হয়েছিল।

ম্যাটিস মোরলা এ ঘটনাকে ম্যারাডোনার ‘বোকামিমূলক অপরাধ’ হিসেবে উল্লেখ করে এর তদন্ত দাবি করেছেন।

আর্জেন্টিনার কিংবদন্তি ফুটবলার ডিয়েগো ম্যারাডোনা বুধবার মারা যান। তার মৃত্যুর নানা আনুষ্ঠানিকতা চলছে। ইতোমধ্যে লাশের ময়নাতদন্তও সম্পন্ন হয়েছে। স্থানীয় সময় ২৫ অক্টোবর সন্ধ্যা সাড়ে ৭টা থেকে রাত ১০টার মধ্যে ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে বলে জানা গেছে। শেষকৃত্যের জন্য এখন প্রস্তুত করা হচ্ছে।

ম্যারাডোনার মৃত্যু নিয়ে বুধবার যা জানানো হয়েছিল ময়নাতদন্তে সেটাই নিশ্চিত হওয়া গেছে। জানা গেছে, তার হৃদ্রোগেই মৃত্যু হয়েছে এবং ঘুমের মধ্যেই তিনি মারা যান।

২০০০ সাল থেকেই নাকি হৃদ্রোগে ভুগছিলেন ম্যারাডোনা, আর গুরুতর রূপ নেওয়া এই শারীরিক সমস্যাই তার অন্তিম যাত্রার কারণ হলো।

এশিয়ায় সবচেয়ে বেশি ঘুষ লেনদেন ভারতে

এশিয়ায় সবচেয়ে বেশি ঘুষ লেনদেন হয় ভারত। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের (টিআই) ‘গ্লোবাল করাপশন ব্যারোমিটার- এশিয়া ২০২০’ শীর্ষক এক প্রতিবেদনে এ কথা বলা হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী এশিয়ায় সবচেয়ে বেশি ঘুষ লেনদেনে ভারতের পর দ্বিতীয় স্থানে আছে কম্বোডিয়া। এ বছরের জুলাই থেকে সেপ্টেম্বরের মধ্যে এশিয়ার ১৭টি দেশের ২০ হাজার মানুষকে নিয়ে এক সমীক্ষা চালিয়ে ওই প্রতিবেদন করে টিআই।

ভারতে সরকারি সুযোগ-সুবিধা পেতে ঘুষ দিতে হয়েছে বলে জানিয়েছেন সমীক্ষায় অংশ নেওয়া দেশটির ৩৯ শতাংশ মানুষ। এশিয়ার সর্বোচ্চ ঘুষের হার এটি, যা চীনে ২৮ শতাংশ, বাংলাদেশে ২৪, নেপালে ১২ ও জাপানে ২ শতাংশ।

জনগণকে পুলিশ, আদালত, সরকারি হাসপাতাল, পরিচয়পত্র পাওয়ার প্রক্রিয়া এবং বিদ্যুৎ, পানির মতো পরিষেবা পাওয়ার অভিজ্ঞতার বিষয়ে জানতে চাওয়া হয় জরিপে। এর মধ্যে সর্বোচ্চ (৪২ শতাংশ) মানুষ বলেছেন, পুলিশকে ঘুষ দিতে হয়েছে। ৪১ শতাংশ মানুষকে পরিচয়পত্র এবং অন্যান্য সরকারি কাগজপত্র পেতে ঘুষ দিতে হয়েছে।

সমীক্ষায় উঠে আসে, ভারতের কোনো সরকারি পরিষেবা পাওয়ার জন্য ওপর মহলে যোগাযোগ করেন ৪৬ শতাংশ মানুষ। তাদের মধ্যে ৩২ শতাংশ মনে করেন, উঁচু জায়গায় যোগাযোগ না করলে তারা পরিষেবা পেতেন না।

গত ১২ মাসে (করোনাকালসহ) ভারতে দুর্নীতি বেড়েছে দেশটির ৪৭ শতাংশ মানুষ বিশ্বাস করেন। সেইসঙ্গে ৬৩ শতাংশ মানুষ মনে করেন, দুর্নীতি রুখতে সরকার ভালো কাজ করছে।

ভোটের মাঠেও ঘুষের লেনদেন হয় ভারতে। দেশটিতে এ হার ১৮ শতাংশ, অবস্থান চতুর্থ। ২৮ শতাংশ হার নিয়ে এ ক্ষেত্রে শীর্ষে থাইল্যান্ড ও ফিলিপাইন।

জরিপে এই প্রথমবার সরকারি কর্মকর্তাদের পরিষেবার দিতে যৌনতা চাওয়ার বিষয়ও অন্তর্ভুক্ত করা হয়। এ ক্ষেত্রে ভারতে হার ১১ শতাংশ। ইন্দোনেশিয়ায় ১৮ শতাংশ, শ্রীলঙ্কায় ১৭ ও থাইল্যান্ডে ১৫ শতাংশ।

সূত্র- বিডি প্রতিদিন

আলমডাঙ্গার মুন্নি যাতা পিষেই লাখপতি

‘ভেজালের ভিড়ে খাঁটির খোঁজে’ এমনই উদ্যোগ নিয়ে কাজ করছেন আলমডাঙ্গার চিৎলা গ্রামের পাপিয়া সুলতানা মুন্নি, পরিবারের বড় সন্তান সে। উচ্চমাধ্যমিকের পর বিয়ে হয়ে যায় তার। স্বামী ও এক সন্তান নিয়ে তার চলছিল সুখের সংসার ।

কিন্তু বৈশ্বিক মহামারি করোনায় কর্মহীন হয়ে পড়েন মুন্নির স্বামী। সংসারের টানাপোড়োন ও বাচ্চা নিয়ে দিশেহারা হয়ে পড়েন তিনি।

এরপরই তিনি সিদ্ধান্ত নেন নিজে কিছু একটা করবেন। তিনি ফেসবুক ঘাটতে ঘাটতে একদিন নিজে দাঁড়িয়ে যাবার একটা পথ খুঁজে পান। দেখা মেলে ই-কমার্স পেজের সাথে। এই পেজই তার ভাগ্য বদলে দেয়।

চলতি বছরের জানুয়ারি থেকে ‘খাঁটির খোঁজে’ নামক ফেসবুক পেইজ দিয়ে শুরু হয় মুন্নির উদ্যোক্তা জীবন। তিনি প্রথমে সম্বল হিসেবে নেন গ্রামের বাড়ির একটি যাতা। যাতায় ভাঙ্গাতে থাকেন মাসকলাইয়ের ডাল। চাল কুমড়া ও মাসকলাইয়ের ডালের মিশ্রণে তৈরী করতে থাকেন খাটি কুমড়া বড়ি। দেদারছে বিক্রি হতে থাকে খাটি এই বড়ি।

এরপর তিনি আরও আত্মবিশ্বাসী হয়ে বিক্রি শুরু করেন সব রকমের কৃষি পণ্য যেমন-গমের লাল আটা, যাতায় ভাঙ্গানো মসুর ডাল, ঢেঁকি ছাটা চাউলের গুড়া, মসুর ও মাসকলাইয়ের ডাল। এছাড়াও তিনি এক সময়ের গ্রামীণ জনপদের ঐতিহ্যবাহী খাবার গুড়ের মুড়কি বানিয়েও বিভিন্ন এলাকাতে সরবরাহ করছেন।

মুন্নির ব্যবসা এখন অনেক প্রসারিত। দেশের বিভিন্ন জেলাতে অনলাইনে তার পণ্য সরবরাহ চলছে। ৯০০ টাকার পুঁজির মুন্নি এখন নিজেই লাখপতি।

মুন্নি বলেন, “আমি গ্রামের মেয়ে। ছোটবেলা থেকেই দেখতাম মা- চাচিরা যাতায় ভেঙে নানা রকমের খাদ্যদ্রব্য বানিয়ে খেতেন। আমার ব্যবসা যখন শুরু করি, তখন থেকেই ভাবতাম ক্রেতাদের কাছে কিভাবে খাঁটি পণ্য পৌঁছে দেবো।

মূলত এজন্যই সিদ্ধান্ত নিই চুয়াডাঙ্গা জেলার উৎপাদিত কৃষিপণ্য নিয়ে কাজ করার। শুরুটা ছিল কুমড়ার বড়ি ও গমের লাল আটা হোমডেলিভেরির মাধ্যমে।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত দুজন

আলমডাঙ্গার হক ফিলিং স্টেশনের সন্নিকটে গতকাল বৃহস্পতিবার দুপুরে ট্রাক্টরের চাপায় পাখি ভ্যানের দুইজন আরোহী গুরুতর আহত হয়েছেন। আহতদের সংকটাপন্ন অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত দুজন হলেন আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়নের জুগিরহুদা গ্রামের মোয়াজ্জেম হোসেনের ছেলে সাহাবুল হক ও একই গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে রমজান আলী।

প্রত্যক্ষদর্শীরা জানান, জুগিরহুদা গ্রাম থেকে সাহাবুল হক পাখি ভ্যানে পান বোঝায় করে আলমডাঙ্গা হাটে আসছিলেন। পানের মালিক রমজান আলী ভ্যানেই বসা ছিলেন। তাদের ভ্যান আলমডাঙ্গার হক ফিলিং স্টেশনের কাছাকাছি পৌঁছালে একটি দ্রুত গতির ট্রাক্টর নিয়ন্ত্রণ হারিয়ে ভ্যানের পেছনে সজোরে ধাক্কা দেয়। এতে ভ্যানটি সড়কের ওপর উল্টে গেলে ট্রাক্টরটি ভ্যানের ওপর উঠে পড়ে।

এ ঘটনায় ভ্যানচালক সাহাবুলের পেটের ভুড়ি বেরিয়ে গেলে অতিরিক্ত রক্তক্ষরণ হয় এবং তিনি জ্ঞান হারিয়ে ফেলেন। সড়কে পড়ে থাকা রমজানের পা ও বুকের ওপর দিয়ে ট্রাক্টরের চাকা চলে যায়। এতে তার একটি পা ভেঙ্গে যায়। ঘটনায় ট্রাক্টর চালক চুয়াডাঙ্গার শলুয়া বলদিয়ার ওমর আলীর ছেলে আবু শামাও আহত হন।

স্থানীয়রা আহত তিনজনকেই আলমডাঙ্গার ফাতেমা টাওয়ার হাসপাতালে ভর্তি করান। কিন্ত ভ্যান চালক সাহাবুল ও পান ব্যাপারী রমজান আলীর অবস্থা সংকটাপন্ন হওয়ায় তাদেরকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

আহত সাহাবুলের ভাই নিজাম উদ্দিন রাজশাহী থেকে জানান, রাতে দুজনকেই অপারেশন করবেন বলে ডাক্তাররা জানিয়েছেন ।

কোটচাঁদপুরে নারী নির্যাতন প্রতিরোধ দিবস উপলক্ষে মানববন্ধন

“কমলা রঙের বিশ্বে নারী, বাধার পথ দিবেই পাড়ি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস পালন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদের সামনে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এবং উপজেলা পরিষদের সহযোগীতায় নানা শ্রেণী-পেশার নারীদের অংশগ্রহণে এক মানববন্ধন কর্মসূচী পালন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের নেতৃত্বে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ শিলা বেগমের সার্বিক তত্বাবধায়নে মানববন্ধনে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা কৃষি অফিসার মহাসীন আলী, মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, ইউপি চেযারম্যান নওশের আলী, মিজানুর রহমান, আঃ হান্নান ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম প্রমুখ।

কালীগঞ্জে ছাত্রদলের মতবিনিময়

সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কালীগঞ্জ উপজেলা, পৌর ও কলেজ শাখার নবগঠিত আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ঝিনাইদহ ৪ আসনের বিএনপি’র মনোনীত প্রার্থী জনাব মোঃ সাইফুল ইসলাম ফিরোজ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবর রহমান।

সভায় বক্তারা করোনা পরিস্থিতিতে ছাত্রদের পড়াশোনার দূরাবস্থা, বেকার সমস্যা সহ অনান্য বিষয় নিয়ে আলোচনা করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

কালীগঞ্জে স্বাস্থ্য সহকারীদের অনির্দিষ্টকালের কর্মবিরতী

বেতন বৈষম্য নিরসনের দাবিতে অনির্দিষ্টকালের কর্মবিরতী পালন করেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য সহকারীরা।

গতকাল বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে তারা এ কর্মসূচী পালন করেছে।

বাংলাদেশ হেল্থ এসিস্ট্যান্ট এসোসিয়েশন, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় পরিদর্শক সমিতি, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় মাঠ কর্মচারী এসোসিয়েশন ও বাংলাদেশ হেল্থ ইন্সপেক্টর সেক্টোরাল

এসোসিয়েশন যৌথভাবে এই কর্মসূচী পালন করছেন।

জেলা হেল্থ এসিস্ট্যান্ট এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ফারুক হোসেন জানান, আমরা মাতৃ ও শিশু মৃত্যুর হার কমানো, শিশুদের যক্ষা নিয়ন্ত্রণ, পোলিও মুক্ত, ম্যালেরিয়া নিয়ন্ত্রণসহ গুটি বসন্ত মুক্ত বাংলাদেশ গড়তে নিরলস কাজ করে যাচ্ছি ।

কিন্তু আমরা চাকরির শুরু থেকে অবহেলিত ও বেতন বৈষম্যের শিকার হয়ে আসছি। প্রধানমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী আমাদের দাবি মেনে নিলেও তা বাস্তবায়ন হয়নি। তাই বাধ্য হয়ে আমরা কর্মবিরতী ঘোষণা করেছি।

মেহেরপুরে বিশ্ব এইডস দিবস পালনের প্রস্তুতি সভা

বিশ্ব এইডস দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সিভিল সার্জন অফিসের উদ্যোগে বৃহস্পতিবার সিভিল সার্জন অফিস মিলনায়তনে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

সিভিল সার্জন ডাক্তার মোঃ নাসির উদ্দীনের সভাপতিত্বে প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সুপার ডাক্তার রফিকুল ইসলাম।

সভায় মেহেরপুরের বিভিন্ন এনজিও প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।